

তারিখ : ০৬-০২-২০২২ (পৃঃ ০১, ০২)

## ধান গবেষণার তিন বিজ্ঞানীসহ ২৪ জন পাচ্ছেন একুশে পদক

### ■ যাযাদি ডেস্ক

বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখায় দেশের ২৪ বিশিষ্ট নাগরিক পাচ্ছেন ২০২২ সালের একুশে পদক। এর মধ্যে উচ্চ ফলনশীল জাতের ধান উদ্ভাবন করায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের তিন গবেষক এই পদক পাবেন। বৃহস্পতিবার সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

এতে বলা হয়, এ বছর গবেষণায় একুশে পদক পাচ্ছেন চারজন। তারা হলেন- কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ডক্টর মো. আবদুস সাত্তার মজল এবং দলপতভাগে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের তিন গবেষক ডক্টর মো. এনামুল হক (দলনেতা), ডক্টর সাহানাজ সুলতানা ও ডক্টর জান্নাতুল ফেরদৌস। ভাষা আন্দোলনে ভূমিকা রাখায় মোস্তফা এম. এ. মতিন (মরণোত্তর) ও মিজী তোফাজ্জল হোসেন (মুকুল) (মরণোত্তর)-কে একুশে পদক দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। শিল্পকলার নৃত্যে অবদান রাখায় পাবেন জিনাত বরকতউল্লাহ এবং সংগীতে নজরুল ইসলাম বাবু (মরণোত্তর), ইকবাল আহমেদ ও মাহমুদুর রহমান বেগু। অভিনয়ে পাচ্ছেন খালেদ মাহমুদ খান (মরণোত্তর), আফজাল হোসেন ও ● পৃষ্ঠা ২ কলাম ৫

## ধান গবেষণার

(প্রথম পৃষ্ঠার পর)

মাসুম আজিজ।

মুক্তিযুদ্ধে একুশে পদক পাচ্ছেন চারজন। তারা হলেন- বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব অধ্যক্ষ মো. মতিউর রহমান, সৈয়দ মোয়াজ্জেম অঙ্গী (মরণোত্তর), বিন্টু এ. বি. এম রহমান, আমজাদ অঙ্গী খন্দকার। সাংবাদিকতায় পদক পাচ্ছেন এম এ মালেক, বিজ্ঞান ও প্রযুক্তিতে মো. আনোয়ার হোসেন, শিক্ষায় অধ্যাপক ডক্টর গৌতম বুদ্ধ দাশ, সমাজসেবায় এস. এম. আব্রাহাম লিংকন ও সংস্কৃতি উন্নয়নী মহাথের।

ভাষা ও সাহিত্যে এ বছর একুশে পদক পাচ্ছেন কবি কামাল চৌধুরী ও ঝর্ণা দাশ পুরকায়স্থ।

আগামী ২০ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুরস্কারপ্রাপ্তদের একুশে পদক দেবেন। পুরস্কারপ্রাপ্ত প্রত্যেককে ৩৫ গ্রাম ওজনের একটি স্বর্ণপদক, এককালীন চার লাখ টাকা ও একটি সম্মাননাপত্র দেওয়া হবে।